**মোঃ হারুন-উর- রশীদ, মহাপরিচালক (অবঃ), বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট**

বীর মুক্তিযোদ্ধা, স্বনামধন্য কৃষি বিজ্ঞানী এবং বিশিষ্ট সেচ ও পানি ব্যবস্থাপনা বিশেষজ্ঞ জনাব মোঃ হারুন-উর-রশীদ মার্চ ২০০৭ হতে ফেব্রুয়ারী ২০০৯ পর্যন্ত বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর মহাপরিচালক ছিলেন। বারির মহাপরিচালকের দায়িত্বের পাশাপাশি জনাব রশীদ জুন ২০০৮ হতে ফেব্রুয়ারী ২০০৯ পর্যন্ত বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বার্ক) এর নির্বাহী চেয়ারম্যান হিসেবেও দায়িত্ব পালন করেন। অত:পর, ২৮ ফেব্রুয়ারী ২০০৯ এ তিনি সরকারী চাকরি হতে অবসর গ্রহণ করেন।

জনাব মোঃ হারুন-উর-রশীদ ১৯৭৬ সালে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এ বৈজ্ঞানিক কর্মকর্তা হিসেবে যোগদান করেন। এরপর তিনি নিয়মিত ভাবে উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, পরিচালক ও মহাপরিচালক পদে যথাসময়ে পদোন্নতি প্রাপ্ত হন।

মহাপরিচালক হিসেবে দায়িত্ব গ্রহণের পূর্বে জনাব রশীদ বারি'র ট্রেনিং এন্ড কমিউনিকেশন উইং এবং গম গবেষণা কেন্দ্র এর পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। মহা পরিচালক থাকাকালীন তিনি উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র এবং কন্দাল ফসল গবেষণা কেন্দ্র এর পরিচালকেরও সাময়িক দ্বায়িত্ব পালন করেন। পরিচালক হওয়ার পূর্বে তিনি কৃষি প্রকৌশল বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, গাজীপুর এ কর্মরত ছিলেন। তিনি অত্যন্ত সফলভাবে কৃষকের উপযোগী কৃষি প্রকৌশল প্রযুক্তি উদ্ভাবন ও মাঠ পর্যায়ে এগুলোর সম্প্রসারণ কাজ করেন। জনাব রশীদ একজন সফল গবেষণা ব্যবস্থাপক (Research Manager) ছিলেন।

জনাব মোঃ হারুন-উর-রশীদ দেশ-বিদেশে অনেক প্রতিষ্ঠানে পরামর্শক/বিশেষজ্ঞ হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি ১৯৯২-১৯৯৪ সাল CIDA Funded Crop Diversification Program (CDP) এ পরামর্শক, ১৯৯৬ সালে কুয়েতে Landscape প্রকল্পে ডেপুটি প্রজেক্ট ম্যানেজার, ১৯৮৭-১৯৯২ সালে DFID Funded DTW-II প্রকল্পে গবেষণা টিম লিডার, ২০০২-২০০৪ সাল এফএও এর "Conservation Agriculture & Mechanized Wheat Program" এর ন্যাশনাল প্রজেক্ট ডাইরেক্টর এবং ২০১০-২০১৫ সাল NATP-1 প্রকল্পে পরামর্শক হিসেবে কাজ করেন। বর্তমানে ২০১৭ হতে এ পর্যন্ত NATP-2 প্রকল্পে (National Agricultural Technology Prrogram- Phase II Project) এ পরামর্শক হিসেবে কর্মরত আছেন।

জনাব মোঃ হারুন-উর-রশীদ ১২ বছর (১৯৯০-২০০২) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, সালনা, গাজীপুরে এবং ৪ বছর বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে এ্যাডজানক্ট ফ্যাকালটি হিসেবে শিক্ষকতা করেন। তিনি বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট বিজ্ঞানী সমিতির সভাপতি, IEB এর কৃষি প্রকৌশল বিভাগের সভাপতি এবং BSAE এর সাধারন সম্পাদক হিসাবেও দায়িত্ব পালন করেন।

জনাব মোঃ হারুন-উর-রশীদ অত্যন্ত মেধাবী ছাত্র ছিলেন। তিনি ইন্টারমিডিয়েট টেকনিক্যাল কলেজ (বর্তমানে বিজ্ঞান কলেজ), তেজগাঁও হতে এস.এস.সি (সপ্তম স্থান) সরকারী ঢাকা কলেজ হতে এইচ.এস.সি (স্টার মার্কস) সুনামের সাথে উত্তীর্ণ হয়ে ১৯৭০ সালে বুয়েটে ভর্তি হন। জনাব রশীদ ১৯৭১ সালে মুক্তিযুদ্ধে অংশ গ্রহণ করেন (ভারতে প্রশিক্ষণ প্রাপ্ত)। তিনি ১৯৭২ সালে বুয়েট ত্যাগ করে ভারত সরকারের স্কলারশীপে ভারতের পাঞ্জাব কৃষি বিশ্ববিদ্যালয়ে কৃষি প্রকৌশল বিষয়ে পড়াশোনা করেন। তিনি

অত্যন্ত মেধাবী ছাত্র হিসেবে পাঞ্জাব বিশ্বিবিদ্যালয়েও সুপরিচিত ছিলেন। জনাব মোঃ হারুন-উর-রশীদ ১৯৭৯ সালে কলারেডো স্টেট ইউনিভার্সিটি, যুক্তরাষ্ট্র হতে এমএস ডিগ্রি অর্জন করেন। পিএইচডি ডিগ্রিতে অধ্যায়নরত অবস্থায় স্ত্রীর কিডনী বিকল হওয়ায় তার পিএইচডি শেষ করা হয়নি। দেশি বিদেশি বিভিন্ন সায়েন্টিফিক জার্নাল ও ম্যাগাজিনে তাঁর শতাধিক গবেষণা নিবন্ধ/পপুলার প্রবন্ধ প্রকাশিত হয়েছে। তিনি কৃষি প্রকৌশল বিষয়ে কয়েকটি পুস্তকের লেখক। এছাড়াও তিনি দৈনিক ও মাসিক পত্রিকায় নিয়মিতভাবে বিজ্ঞান গবেষণা বিষয়ক বিভিন্ন নিবন্ধ প্রকাশ করেছেন।

জনাব মোঃ হারুন-উর-রশীদ বিভিন্ন প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কশপ এবং সিম্পোজিয়ামে যোগদানের উদ্দেশ্যে যুক্তরাষ্ট্র, চীন, জাপান, নেপাল, ভারত, পাকিস্তান,ইন্দোনেশিয়া, থাইল্যান্ড ও মালয়েশিয়া ভ্রমণ করেন।

ব্যক্তিগত জীবনে জনাব মোঃ হারুন-উর-রশীদ ০৪ (চার) সন্তানের (২ ছেলে ও ২ মেয়ে) জনক। এ স্বনামক্ষ্যাত বিজ্ঞানী ১৯৫২ সালের ১লা মার্চ মানিকগঞ্জের ঘিওর উপজেলার কোশুন্ডা গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন।